

ফাতওয়া নম্বর: ৩৯৪

প্রকাশকাল: ২৬-০৭-২০২৩ ইং

পরিবহন বিল বাড়িয়ে লেখা কি বৈধ হবে?

প্রশ্ন:

চাকরিতে ট্রান্সপোর্ট এলাউন্স বিল (ভাতা বিল) করার সময় বাড়তি বিল করার সুযোগ আছে কি? যখন ট্রান্সপোর্ট বাজেটের খাতে প্রয়োজন অতিরিক্ত টাকা থাকে। যেমন, কেউ নন এসি বাসে ভ্রমণ করলো কিন্তু বিল করলো এসি বাসে ভ্রমণের।

উল্লেখ্য, প্রশ্নকারী একজন সরকারি সেবামূলক প্রতিষ্ঠানে চাকরিজীবী। সরকারি চাকরিতে ভ্রমণ বাবদ বাস অথবা ট্রেন ভাড়ার দুই গুণ করে বিল করার নিয়ম আছে।

-নাজমুল ইসলাম

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله، والصلاة والسلام على رسول الله أما بعد:

না, বাড়তি বিল করার সুযোগ নেই। বিল যথাযথ করা আবশ্যিক। বেশি বিল করে টাকা গ্রহণ ধোঁকা, প্রতারণা ও অন্যায্যভাবে সম্পদ ভক্ষণ করার নামান্তর। আল্লাহ তাআলা বলেন,

وَلَا تَأْكُلُوا أَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ - سورة البقرة 188:

“তোমরা একে অন্যের সম্পদ অন্যায্যভাবে গ্রাস করো না।” -সূরা বাকারা ০২: ১৮৮

অপর আয়াতে আল্লাহ তাআলা এরশাদ করেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَأْكُلُوا أَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِإِثْمٍ إِلَّا أَنْ تَكُونَ
تِجَارَةً عَنْ تَرَاضٍ مِنْكُمْ وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ إِنَّ اللَّهَ كَانَ بِكُمْ رَحِيمًا
*وَمَنْ يَفْعَلْ ذَلِكَ عُدْوَانًا وَظُلْمًا فَسَوْفَ نُضَلِّيهِ نَارًا وَكَانَ ذَلِكَ عَلَى
اللَّهِ يَسِيرًا- سورة النساء 2930:

“হে ঈমানদারগণ! তোমরা একে অন্যের সম্পদ অন্যায়ভাবে গ্রাস
করো না। তবে তোমাদের পরস্পরের সম্মতিতে কোনো ব্যবসা-বাণিজ্য
হলে ভিন্ন কথা।” -সূরা নিসা ০৪: ২৯

যদি বাস ও ট্রেনের ক্ষেত্রে দ্বিগুণ বিল করার নিয়ম থাকে, তাহলে যে
মানের বাস-ট্রেনে ভ্রমণ করেছেন, বিলে সেটাই লিখতে হবে। এরপর
কর্তৃপক্ষ জেনেশুনে এর দ্বিগুণ দিলে সেটা গ্রহণ করা জায়েয হবে।

অবশ্য যদি এমন পদ্ধতি অনুমোদিত থাকে যে, বাস্তব খরচ যাই হোক;
নির্দিষ্ট ভ্রমণের জন্য নির্দিষ্ট অংকের অর্থ দিয়ে দেয়া হয়, তাহলে ভ্রমণ
বাবদ প্রাপ্য পূর্ণ টাকা গ্রহণ করা জায়েয এবং এক্ষেত্রে এসির বিল
পেলেও নন এসিতে ভ্রমণ করে টাকা বাঁচিয়ে তা অন্য প্রয়োজনে
ব্যবহার করাও জায়েয। তবে সফর অফিসিয়াল হলে, টাকা বাঁচাতে গিয়ে
যেন কাজের ব্যত্যয় না ঘটে, সেদিকে লক্ষ রাখা জরুরি। -ইমদাদুল
আহকাম: ৪/৪৭০-৪৭১

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০২-১২-১৪৪৪ হি.

২১-০৬-২০২৩ ঈ.

